চুয়াডাঙ্গায় জলবায়ু পরিবর্তনের প্রভাব ও মোকাবিলায় শুভসংঘের আলোচনা

চুয়াডাঙ্গায় জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব ও তা মোকাবিলায় স্থানীয় পর্যায়ে করণীয় বিষয়ে গুরুত্বারোপ করে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বসুন্ধরা শুভসংঘ চুয়াডাঙ্গা জেলা শাখার আয়োজনে শনিবার বেলা ১১টায় শহরের স্থানীয় দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার কার্যালয়ে ‘জলবায়ু পরিবর্তনের প্রভাব ও স্থানীয়দের করণীয়’ শীর্ষক এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন বসুন্ধরা শুভসংঘ চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি হেমন্ত কুমার সিংহ রায়। সভার প্রধান আলোচক ও রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন বেসরকারি উন্নয়ন সংস্থা রিসোর নির্বাহী পরিচালক জাহিদুল ইসলাম।

রিসোর্স পারসন জাহিদুল ইসলাম তাঁর বক্তব্যে বলেন, জলবায়ু পরিবর্তনের কারণে সৃষ্ট সংকট মোকাবিলায় কেবল রাষ্ট্রীয় উদ্যোগ যথেষ্ট নয়; স্থানীয় জনগণের সক্রিয় অংশগ্রহণ অত্যন্ত জরুরি। পরিবেশবান্ধব কৃষিচর্চা, বৃক্ষরোপণ, জলাশয় সংরক্ষণ, প্লাস্টিকের ব্যবহার কমানো এবং নবায়নযোগ্য জ্বালানির দিকে ঝুঁকতে পারলে স্থানীয় পর্যায়ে ক্ষতির মাত্রা অনেকাংশে কমানো সম্ভব।
তিনি শিক্ষাপ্রতিষ্ঠান ও তরুণ সমাজকে জলবায়ু সচেতনতা তৈরিতে অগ্রণী ভূমিকা পালনের আহ্বান জানান।

তিনি আরও বলেন, জলবায়ু পরিবর্তনের প্রভাব এখন আর বৈশ্বিক আলোচনার মধ্যে সীমাবদ্ধ নেই; এর প্রত্যক্ষ প্রভাব দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের জনজীবনে প্রতিনিয়ত অনুভূত হচ্ছে। চুয়াডাঙ্গা জেলার মতো সীমান্তবর্তী ও কৃষিনির্ভর এলাকায় অতিরিক্ত তাপপ্রবাহ, অনিয়মিত বৃষ্টিপাত, দীর্ঘস্থায়ী খরা ও তীব্র শৈত্যপ্রবাহ মানুষের জীবন ও জীবিকাকে ঝুঁকির মুখে ফেলছে। ফলে কৃষি উৎপাদন ব্যাহত হওয়ার পাশাপাশি সুপেয় পানির সংকট, স্বাস্থ্যঝুঁকি ও পরিবেশগত ভারসাম্যহীনতা ক্রমেই প্রকট হয়ে উঠছে।

সভাপতির বক্তব্যে হেমন্ত কুমার সিংহ রায় বলেন, বসুন্ধরা শুভসংঘ সমাজের ইতিবাচক পরিবর্তনে কাজ করে যাচ্ছে। জলবায়ু পরিবর্তনের মতো বৈশ্বিক সংকট মোকাবিলায় স্থানীয় পর্যায়ে সচেতনতা সৃষ্টি ও স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম জোরদার করা আমাদের অন্যতম লক্ষ্য।

তিনি ভবিষ্যতে চুয়াডাঙ্গা জেলায় বৃক্ষরোপণ, পরিচ্ছন্নতা অভিযান এবং পরিবেশবিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি আয়োজনের কথা জানান। আলোচনা সভায় অংশগ্রহণকারীরা জলবায়ু পরিবর্তনজনিত সমস্যা মোকাবিলায় স্থানীয় প্রশাসন, সামাজিক সংগঠন ও সাধারণ জনগণের সমন্বিত উদ্যোগের ওপর গুরুত্বারোপ করেন। একই সঙ্গে পরিবেশ রক্ষায় ব্যক্তি পর্যায় থেকে দায়িত্বশীল আচরণ গড়ে তোলার আহ্বান জানান বক্তারা।

আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন উপদেষ্টা জামান আখতার ও জিসান আহমেদ।

এ ছাড়া উপস্থিত ছিলেন সাংগঠনিক সম্পাদক কামরুজ্জামান সেলিম, কর্ম ও পরিকল্পনা সম্পাদক আল মুতাকাব্বির সাকিব, দপ্তর সম্পাদক শেখ লিটন, সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক মনোয়ারা খুশি, প্রচার ও প্রকাশনা সম্পাদক শামসুজ্জোহা রানা, ক্রীড়া সম্পাদক সালমান ফার্সি, সদস্য নাফিস আহমেদ, একাদশ শ্রেণির শিক্ষার্থী ফারজানা আক্তার, রিফাহ মুবাশশিরা ও মুমতাহিনা রহমান মৌলি এবং একাদশ স্নাতক শিক্ষার্থী আকতিয়া সাদিয়া।

কনকনে শীতে স্থবির মেহেরপুর-চুয়াডাঙ্গা জনজীবন

পৌষের হাড়কাঁপানো শীতে বিপর্যস্ত হয়ে পড়েছে মেহেরপুর ও চুয়াডাঙ্গার স্বাভাবিক জনজীবন। জেলার ওপর দিয়ে মৃদু শৈত্যপ্রবাহ বয়ে যাওয়ায় তীব্র শীত অনুভূত হচ্ছে।

গতকাল শুক্রবার সকালে চুয়াডাঙ্গার জেলার সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৯ ডিগ্রি সেলসিয়াস। সন্ধ্যা নামলেই ঘন কুয়াশার

চাদরে ঢেকে যাচ্ছে চারপাশ।

ভোর পর্যন্ত কুয়াশা আর উত্তরের হিমেল বাতাসে জনদুর্ভোগ বেড়েছে কয়েকগুণ। বেলা বাড়ার সঙ্গে সঙ্গে সূর্যের দেখা মিললেও তাতে উষ্ণতা ছড়াচ্ছে না। ফলে খুব প্রয়োজন ছাড়া ঘর থেকে বের হচ্ছে না সাধারণ মানুষ। ব্যাহত হচ্ছে স্বাভাবিক কাজকর্ম।

সবচেয়ে বেশি কষ্টে পড়েছেন খেটে-খাওয়া ও ছিন্নমূল মানুষজন।

শহরের ইজিবাইক চালক সোহেল রানা বলেন, ‘সড়কে মানুষের চলাচল কমেছে। যাত্রী নেই খুব একটা। ঠাণ্ডা বাতাসে গাড়ি চালানো যাচ্ছে না।’

কৃষি শ্রমিক রবিউল ইসলাম বলেন, ‘তীব্র শীতের সকালে কাজ করা সম্ভব হচ্ছে না। হাত-পা বরফের মতো ঠাণ্ডা। কৃষিকাজে ভাটা পড়েছে।’

চুয়াডাঙ্গা আবহাওয়া অফিসের ভারপ্রাপ্ত কর্মকর্তা জামিনুর রহমান বলেন, ‘শুক্রবার সকাল ৯টায় চুয়াডাঙ্গার সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৯ ডিগ্রি সেলসিয়াস। এ সময় বাতাসের আর্দ্রতা ছিল শতকরা ৯৫ ভাগ। সপ্তাহজুড়ে তাপমাত্রা পরিস্থিতি এমনই থাকতে পারে।’

চুয়াডাঙ্গায় বেগম খালেদা জিয়ার বিদেহী আত্মার মাগফেরাত কামনায় ছাত্রদলের দোয়া মাহফিল

চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের উদ্যোগ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)’র চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার বিদেহী আত্মার মাগফেরাত কামনায় দোয়া ও মিলাদ মাহফিলের অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকাল সাড়ে চারটায় চুয়াডাঙ্গা ভি জে স্কুলের সামনে চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র দলীয় কার্যালয়ে এ দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়। চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের সভাপতি শাহাজান খানের

[redacted]

[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [

এ বিষয়ে দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ মেহেদী হাসান বলেন, এই চুরির ঘটনায় একটি লিখিত অভিযোগ পেয়েছি। তবে সাধারণ মানুষের উদ্দেশ্য করেও তিনি বলেন, সকলকে একটু সজাগ থেকে পুলিশকে সহায়তা করবেন আর বিশেষ করে দিনের বেলায় চুরির ঘটনায় নিজেদের আরও সজাগ হতে হবে।

তিনি আরও বলেন, এর আগেও অন্যান্য চুরির ঘটনায় চোর সনাক্ত করে চুরিকৃত মালামাল উদ্ধার করা হয়েছে। আর এই চুরি সহ পূর্বের চুরির ঘটনার বিষয়ে চোর সনাক্ত করে আইনের আওতায় আনার চেষ্টা অব্যাহত রয়েছে।

দামুড়হুদায় চুয়াডাঙ্গা-২ আসনে বিএনপি প্রার্থীর মনোনয়নপত্র জমা

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৬ উপলক্ষে চুয়াডাঙ্গা–২ আসনে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) মনোনীত প্রার্থী মাহমুদ হাসান খাঁন বাবু মনোনয়নপত্র জমা দিয়েছেন।

আজ সোমবার দুপুর ১ টাই দামুড়হুদা উপজেলা সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা উবাইদুর রহমান সাহেল-এর নিকট তিনি আনুষ্ঠানিকভাবে মনোনয়নপত্র জমা দেন।

এসময় বিএনপির স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত থেকে প্রার্থীকে শুভেচ্ছা ও সমর্থন জানান। মনোনয়নপত্র জমা দেওয়াকে কেন্দ্র করে কার্যালয় এলাকায় উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয়।মনোনয়নপত্র জমা শেষে বিএনপির প্রার্থী মাহমুদ হাসান খাঁন বাবু সাংবাদিকদের বলেন, গণতন্ত্র পুনরুদ্ধার ও জনগণের অধিকার প্রতিষ্ঠায় তিনি নির্বাচনে অংশগ্রহণ করছেন এবং ভোটারদের ভালোবাসা ও সমর্থন নিয়ে বিজয়ের ব্যাপারে আশাবাদী।
উল্লেখ্য, চুয়াডাঙ্গা–২ আসনকে ঘিরে এবারের নির্বাচনে রাজনৈতিক অঙ্গনে ব্যাপক আগ্রহ ও আলোচনা লক্ষ্য করা যাচ্ছে।

[redacted]

[redacted]

গুরুত্বপূর্ণ ট্রেনের স্টপেজ চালু হলে এ এলাকার যোগাযোগ ব্যবস্থা সহজ হবে এবং অর্থনৈতিক কর্মকাণ্ড আরও গতিশীল হবে।

বক্তারা অভিযোগ করেন, স্টেশনে পর্যাপ্ত জনবল না থাকায় নিরাপত্তা ও যাত্রীসেবায় মারাত্মক ঘাটতি রয়েছে। দ্রুত সংস্কার ও প্রয়োজনীয় জনবল নিয়োগ না হলে ভবিষ্যতে আরও কঠোর আন্দোলন কর্মসূচির হুঁশিয়ারি দেন তারা।

মানববন্ধনের আয়োজন করে দামুড়হুদাবাসীর পক্ষে জয়রামপুর ট্রেন সুবিধা সংরক্ষণ কমিটি।

চুয়াডাঙ্গায় দিন ব্যাপি পণ্য ও প্রযুক্তি প্রদর্শন মেলা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় দিন ব্যাপী পণ্য ও প্রযুক্তি প্রদর্শন মেলা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সকাল ১০টায় সরকারি কলেজ রোডে অবস্থিত মুক্ত মঞ্চে এ মেলার আয়োজন করেন ওয়েভ ফাউন্ডেশন। পিকেএসএফ এর সহায়তায় নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন শীর্ষক উপ প্রকল্পের আওতায় এ মেলা অনুষ্ঠিত হয়। এসময় মেলাটি আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করেন, চুয়াডাঙ্গার স্থানীয় সরকারের উপপরিচালক শারমিন আক্তার। এরপর মেলা চত্বরে বিভিন্ন উদ্যোক্তাদের স্টল পরিদর্শন করেন অনুষ্ঠানের অতিথিরা। স্টল পরিদর্শন শেষে উদ্বোধনী অনুষ্ঠান শুরু হয়। উদ্বোধনী অনুষ্ঠান জাতীয় সংগীত পরিবেশনের মধ্য দিয়ে অনুষ্ঠানে খামার থেকে থালা ভ্যালু চেইন বিষয়ক উদ্বোধনী ডিসপ্লে প্রদর্শিত করা হয়।

এরপর শুরু হয় মেলা উপলক্ষে আলোচনা সভা। সভায় সভাপতিত্ব করেন, ওয়েভ ফাউন্ডেশনের গভর্নিং বডির সহ-সভাপতি ও সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান। সভার শুরুতে শুভেচ্ছা বক্তব্য রাখেন, ওয়েভ ফাউন্ডেশনের সহকারী পরিচালক নির্মল দাস ও উপ-পরিচালক জহির রায়হান।

চুয়াডাঙ্গায় জামায়াত প্রার্থীদের পক্ষে মনোনয়নপত্র উত্তোলন

চুয়াডাঙ্গা ১ ও ২ আসনে বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনীত প্রার্থীদের পক্ষে মনোনয়নপত্র সংগ্রহ করা হয়েছে।

বুধবার দুপুরে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ে জেলা রিটার্নিং অফিসারের কার্যালয় থেকে চুয়াডাঙ্গা-১ আসনে জামায়াতে ইসলামী মনোনীত প্রার্থী জেলা জামায়াতের সহকারী সেক্রেটারি ও কেন্দ্রীয় মজলিসে শূরার সদস্য অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেলের পক্ষে মনোনয়নপত্র সংগ্রহ করেন সাবেক ইসলামী ছাত্রশিবিরের জেলা সভাপতি, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের জেলা সভাপতি ও যুগ্ম নির্বাচন পরিচালক কাইমু উদ্দিন হিরোক।

এ সময় উপস্থিত ছিলেন জামায়াতের অর্থ সম্পাদক কামাল উদ্দিন, নির্বাচন পরিচালক নূর মোহাম্মদ হোসেন টিপু, আইন বিষয়ক সম্পাদক দারুস সালাম, ইসলামী ছাত্রশিবিরের সরকারি কলেজ শাখার সভাপতি পারভেজ আলম, আলমডাঙ্গা পৌর জামায়াতের আমীর মাহের আলী, চুয়াডাঙ্গা পৌর জামায়াতের আমীর হাসিবুল ইসলাম, আলমডাঙ্গা উপজেলা সেক্রেটারি মামুন রেজা, সদর উপজেলা জামায়াতের সহকারী সেক্রেটারি শাহেন উজ্জামান ও পৌর জামায়াতের নায়েবে আমীর মাহবুব আশিক প্রমুখ।

অন্যদিকে বেলা ১১টায় চুয়াডাঙ্গা-২ আসনে জামায়াতের মনোনীত প্রার্থীর পক্ষে জেলা জামায়াতে ইসলামীর আমীর ও মজলিসে শূরার সদস্য রুহুল আমিনের পক্ষে মনোনয়নপত্র সংগ্রহ করেন জেলা জামায়াতের নায়েবে আমীর ও চুয়াডাঙ্গা-২ আসনের নির্বাচন পরিচালক আজিজুর রহমান।

এ সময় উপস্থিত ছিলেন জামায়াতে ইসলামীর জেলা সেক্রেটারি আসাদুজ্জামান, ইসলামী ছাত্রশিবিরের জেলা সভাপতি সাগর আহমেদ, দর্শনা থানা আমীর রেজাউল করিম, জীবননগর উপজেলা সেক্রেটারি মাহফুজুর রহমান ও জেলা কর্মপরিষদ সদস্য মহিউদ্দিন প্রমুখ।

এ বিষয়ে অতিরিক্ত জেলা নির্বাচন কর্মকর্তা মশিউর রহমান জানান, চুয়াডাঙ্গা-১ ও চুয়াডাঙ্গা-২ আসনে ইতোমধ্যে একাধিক প্রার্থী মনোনয়নপত্র সংগ্রহ করেছেন। নির্ধারিত সময়ের মধ্যে অন্যান্য আগ্রহী প্রার্থীরাও মনোনয়নপত্র উত্তোলন করতে পারবেন।

মেহেরপুর ও চুয়াডাঙ্গা সীমান্তে বিজিবির নজরদারি জোরদার

খুলনায় দুর্বৃত্তদের গুলিতে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) প্রধান ও শ্রমিক সংগঠনের খুলনা বিভাগীয় সংগঠক মোস্তাফিজুর রহমান শিকদার আহত হওয়ার পর থেকে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি)’র পক্ষ থেকে ব্যাটালিয়নের আওতাধীন মেহেরপুর জেলার বিভিন্ন সীমান্ত এলাকায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে।

ঘটনার পর বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) চুয়াডাঙ্গা ব্যাটালিয়নের দায়িত্বপূর্ণ মেহেরপুর সীমান্তের পিলার ৭৫/০ থেকে ১৩১/৮-আর পর্যন্ত প্রায় ১৩০ কিলোমিটার এলাকায় ব্যাপক তল্লাশি ও নজরদারি কার্যক্রম শুরু করেছে।

সীমান্তের গুরুত্বপূর্ণ ও ঝুঁকিপূর্ণ এলাকাগুলোতে টহল বৃদ্ধি, গোয়েন্দা নজরদারি জোরদার এবং অতিরিক্ত বিজিবি সদস্য মোতায়েন করা হয়েছে।

বিজিবি সূত্র জানায়, যেসব সীমান্ত এলাকায় কাঁটাতারের বেড়া নেই, সেসব এলাকা বিশেষভাবে সিলগালা করা হয়েছে। সীমান্ত দিয়ে যেন কোনো ধরনের অনুপ্রবেশ বা অপরাধী পালিয়ে যেতে না পারে, সে

লক্ষ্যে বিজিবি সর্বোচ্চ সতর্ক অবস্থানে রয়েছে।

মুজিবনগর, নাজিরাকোনা, দারিয়াপুর, বুড়িপোতা, ইছাখালী, ঝাঝা, হরিরামপুর, শোলমারিসহ বিভিন্ন বিওপি এলাকায় অতিরিক্ত টহল জোরদার করা হয়েছে। পাশাপাশি সীমান্তসংলগ্ন অভ্যন্তরীণ এলাকায় যানবাহন ও সন্দেহভাজন ব্যক্তিদের ওপর তল্লাশি অব্যাহত রয়েছে।

সীমান্ত এলাকা ছাড়াও গাংনী উপজেলা শহরে, মুজিবনগরের কেদারগঞ্জ ও মেহেরপুর শহরে বিজিবির বিভিন্ন দল টহল ও তল্লাশি করতে দেখা গেছে। ঘটনাটি রাজনৈতিক অঙ্গনে উদ্বেগ সৃষ্টি করেছে। হামলাকারীদের দ্রুত গ্রেপ্তারে আইনশৃঙ্খলা বাহিনী অভিযান জোরদার করেছে।

খুলনায় এনসিপি নেতা মোতালেব হোসেনকে (৪২) গুলি করে আহত করার ঘটনায়- মেহেরপুরের গাংনীর সীমান্ত এলাকায় নজরদারি, পাহারা ও টহল জোরদার করেছে বিজিবি।

এদিকে ৪৭ বিজিবির পক্ষ থেকেও সোমবার বিকাল থেকে গাংনী সীমান্তের বিভিন্ন এলাকায় পাহারা ও টহল জোরদার করা হয়। ৪৭ বিজিবি’র পক্ষ থেকে সোমবার বিকেলে প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য নিশ্চিত করেছে।

প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, ২২ ডিসেম্বর খুলনা মহানগরীর সোনাডাঙ্গা থানার সোনাডাঙ্গা আবাসিক এলাকার সামনে দিয়ে যাওয়ার পথে জাতীয় নাগরিক পার্টি এনসিপির শ্রমিক উইং এর খুলনা বিভাগীয় আহবায়ক ও এনসিপি কেন্দ্রীয় সমন্বয়ক মোঃ মোতালেব সিকদারকে (৪২) দুর্বৃত্তরা গুলি করে আহত করে। এঘটনায় জড়িত দুষ্কৃতকারীকে আটক এবং সীমান্ত অতিক্রম রোধকল্পে কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) এর দায়িত্বপূর্ণ সীমান্তবর্তী গাংনী বিভিন্ন সীমান্তে নিচ্ছিদ্র নজরদারী ও পাহারা জোরদার করা হয়েছে।

এর প্রেক্ষিতে কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) এর অধীনস্থ বিওপিসমূহ কর্তৃক দায়িত্বপূর্ণ সীমান্ত এবং সীমান্তের আশেপাশের এলাকায় ৮টি চেকপোষ্ট স্থাপনের মাধ্যমে দুষ্কৃতকারীকে আটকের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এছাড়াও নিয়মিত টহলের পাশাপাশি সীমান্তে দ্বিগুন টহল তৎপরতা বৃদ্ধি, চেকপোষ্টে তল্লাশি কার্যক্রমের মাধ্যমে দৃষ্কৃতকারী, অপরাধীর সীমান্ত অতিক্রম রোধকল্পে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

উল্লেখ্য, গতকাল সোমবার বেলা ১১টা ৪৫ মিনিটে খুলনা নগরীর

সোনাডাঙ্গা এলাকায় দুর্বৃত্তরা তার মাথা লক্ষ্য করে গুলি চালায়। গুলিবিদ্ধ অবস্থায় স্থানীয়রা দ্রুত তাকে উদ্ধার করে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করেন। হাসপাতাল সূত্রে জানা গেছে, তার অবস্থা আশঙ্কাজনক।

পরবর্তীতে চিকিৎসকদের পরামর্শে উন্নত চিকিৎসার জন্য তাকে শেখ হাসিনা সিটি মেডিকেল সেন্টারে স্থানান্তর করা হয়।